

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

পুরাতন মালামাল বিক্রয়ের বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্টের জাজেস কর্ণার ও জাজেস বেকারী এর ব্যবহৃত পুরাতন মালামাল নিলামে বিক্রয়ের (টেন্ডার নং-০৩/২৩-২৪) জন্য আগ্রহী প্রকৃত ক্রেতাদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। নগদ ৫০০/- (পাঁচশত) টাকার বিনিময়ে (অফেরৎ যোগ্য) আগামী ০৮/০১/২০২৪ খ্রিঃ তারিখ হতে ১০/০১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র সিডিউল বাংলাদেশ সুপ্রীম কোর্ট, প্রশাসনিক ভবন-৪ এর ২য় তলায় অবস্থিত ক্রয় শাখা (কক্ষ নং-ক-২০২) হতে সংগ্রহ করা যাবে। আগামী ১১/০১/২০২৪ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রয়োজনীয় কাগজপত্রসহ সীলমোহরকৃত দরপত্র বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কক্ষ নং-১০৭ এ সংরক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে এবং ঐ দিন ১২.৩০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র উন্মুক্ত করা হবে। অত্র কোর্টের নির্ধারিত সিডিউল ব্যতীত কোন দরপত্র গ্রহণ করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



(মুহাম্মদ শরিফুর রহমান))

অতিরিক্ত রেজিস্টার (অর্থ ও উন্নয়ন)

ও

সভাপতি

পুরাতন মালামাল বিক্রয় কমিটি।